# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL


বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০০০.০৫.০০০১.২৫/ ৯৮৮৫ তারিখ: ১১.০৮.২০২৫ খ্রি.

## বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ইরাকে-এ পুরুষ কর্মী নিয়োগ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারিভাবে ইরাকে বর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে:

| ক্র. নং | পদের নাম | সংখ্যা | বেতন (ইউএসডি) | বয়স | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | Tile Mason | 75 | $350/- | ২১-৩৫ বছরের মধ্যে হতে হবে। | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | Gypsum Board Worker | 75 | $350/- | | |
| ৩. | Painter | 75 | $350/- | | |
| ৪. | Electrician | 75 | $350/- | | |
| ৫. | Plumber | 75 | $350/- | | |

### নির্ধারিত অনলাইন আবেদন লিংক: brms.boesl.gov.bd

**চাকরির শর্তাবলী:**

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: কর্মীকে বহন করতে হবে;
- ওভারটাইম, মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ইরাক-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য শর্তাবলী:**

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংকে **আগামী ১৮.০৮.২০২৫ তারিখ** এর মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো;
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে;
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে প্রাথমিকভাবে চাকরির সাক্ষাৎকারের জন্য তালিকা প্রস্তুত করে নিয়োগকর্তা কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- সাক্ষাৎকারের সময় প্রার্থীর মূল পাসপোর্ট ইংরেজি জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- অনলাইনে আবেদন, চাকরির সাক্ষাৎকার এবং চূড়ান্ত নির্বাচন কোন প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুনরায় বিদেশ গমণে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে;
- **ইংরেজী ও আরবী ভাষায় পারদর্শী প্রার্থীগণ নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।**

**বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ:** নিয়োগকর্তা কর্তৃক নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ (দক্ষ কর্মীদের জন্য ৫৬,৩৫০/- ও স্বল্প দক্ষদের জন্য ৪৪,৮৫০/-) এবং নিয়োগকর্তার চাহিদানুযায়ী জামানত পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে।

**জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮।**

**বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**

১১/০৮/২৫

রিফাত তাছনীম
ব্যবস্থাপক
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড
বোয়েসেল, ঢাকা।


অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)